

ঢাবি লাইব্রেরী সাড়ে ৬টা পর্যন্ত খোলা থাকছে ॥ ছাত্রছাত্রীরা ক্ষতিগ্রস্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী এখন রাত ৯টার পরিবর্তে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত খোলা রাখা হচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বৃহস্পতিবার থেকে এই সিদ্ধান্ত নেয়। এই

সিদ্ধান্ত কেবল এ মাসের জন্যই কার্যকর হবে। অধিকাংশ বিভাগের পরীক্ষা থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তের ফলে পরীক্ষার্থীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে পড়াশোনার উপযুক্ত পরিবেশ না থাকায় ছাত্রছাত্রীরা লাইব্রেরীতেই অধিকাংশ সময় পড়াশোনা করে। কিন্তু এই সিদ্ধান্তের কারণে ছাত্রছাত্রীরা বিশেষ করে পরীক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে।